62

দৈনিক খবর

তারিখ 05 JAN 1993
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৩ ...

171

# তেজগাঁও সরকারী বিজ্ঞান কলেজে ব্যাপক বোমাবাজি ৩ জন ছাত্র আটক

।। স্টাফ রিপোর্টার ।।

তেজগাঁও সরকারী বিজ্ঞান কলেজে গতকাল সোমবার সকালে দু'দল ছাত্রের মধ্যে ব্যাপক বোমাবাজি হয়েছে। পুলিশ

২ এর পাতায় দেখুন

## তেজগাঁও প্রথম পৃষ্ঠার পর

হাঙ্গামার সময় তিনজন ছাত্রকে গ্রেফতার করেছে।

জানা গেছে, গতকাল সকাল ১০টার দিকে পরীক্ষা নিয়ে গোলযোগের পর দু'দল ছাত্র কলেজ ক্যাম্পাসে বোমার বিস্ফোরণ ঘটাতে থাকে। উভয় পক্ষের মধ্যেই ধাওয়া পাল্টা ধাওয়া হয়েছে। এতে কমপক্ষে চারজন ছাত্র আহত হয়েছে। পুলিশ জানিয়েছে, সংঘর্ষের সময় ঐ এলাকায় বোমা বিস্ফোরণের শব্দে আতংক ছড়িয়ে পড়ে। ঘটনাস্থলে পৌঁছে পুলিশ তিনজন ছাত্রকে গ্রেফতার করেছে।